



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৭

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

জনাব বি এম ওয়াহিদুজ্জামান
সম্পাদক
শেয়ার নিউজ .২৪ কম
ড্রিম হোল্ডিংস লিমিটেড
৫৮ দিলকুশা (ষষ্ঠ তলা)
মতিঝিল, ঢাকা-১০০০।


বিষয় : প্রকাশিত সংবাদের প্রতিবাদ প্রসংগে।

মহোদয়,

অদ্য ০২/০৮/২০১৮ তারিখে আপনার শেয়ার নিউজ ২৪.কম অনলাইন পত্রিকায় “পরিচালকদের শেয়ার বিক্রির সুযোগ করে দিল বিএসইসি” শীর্ষক প্রকাশিত খবরের প্রতি কমিশনের দৃষ্টি আকর্ষণ হয়েছে। পরিচালকদের শেয়ার বিক্রি নিয়ে পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন যথাযথ ও বস্তুনিষ্ঠ নয়।

সুতরাং এই ধরনের ভিত্তিহীন খবর ছাপানো থেকে বিরত থাকার জন্য শেয়ার নিউজ ২৪.কম অনলাইন পত্রিকাকে অনুরোধ জানানো যাচ্ছে এবং এই খবরটি “পরিচালকদের শেয়ার বিক্রির সুযোগ করে দিল বিএসইসি” শীর্ষক প্রকাশিত সংবাদের প্রতিবাদ হিসাবে শেয়ার নিউজ ২৪.কম পত্রিকায় আগামীকাল ছাপানোর জন্য অনুরোধ করছি। এই সংক্রান্ত কমিশনের বক্তব্য এতদসঙ্গে সংযুক্ত করা হ’ল।

ধন্যবাদান্তে


০২.০৮.২০১৮

মো: আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/১৭

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

০২ আগস্ট, ২০১৮ তারিখে শেয়ার নিউজ ২৪.কম পত্রিকায় প্রকাশিত পরিচালকের শেয়ার বিক্রির সুযোগ করে দিল বিএসইসি প্রসঙ্গে।

তালিকাভুক্ত কোম্পানীর পরিচালকদের এককভাবে এবং উদ্যোক্তা ও পরিচালকদের সম্মিলিতভাবে ন্যূনতম শেয়ার ধারণের বিদ্যমান বিধান সংক্রান্ত কমিশনের প্রজ্ঞাপন নং SEC/CMRRCD/2009-193/119/Admin/34, dated: November 22, 2011 অপরিবর্তিত রয়েছে। অতএব, “পরিচালকের শেয়ার বিক্রির সুযোগ করে দিলে বিএসইসি” শিরোনামে শেয়ার নিউজ ২৪.কম পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনটি যথাযথ নয়।


বিদ্যমান শেয়ার ধারকের (Shareholder) বাইরে ব্যক্তিগত প্রস্তাব (Private Offer) এর মাধ্যমে অতালিকাভুক্ত সিকিউরিটিজ (Unlisted Securities) ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কতিপয় শর্ত আরোপ করে অক্টোবর ০২, ২০১১ তারিখে প্রজ্ঞাপন নং SEC/CMRRCD/2009-193/114/Admin.28 ইস্যু করা হয় এবং বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে জুলাই ৩১, ২০১৮ তারিখে উক্ত প্রজ্ঞাপনের একটি শর্ত সংশোধন করা হয়েছে। উল্লেখ্য, অক্টোবর ০২, ২০১১ তারিখের প্রজ্ঞাপনে, অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত শর্তটিও অন্তর্ভুক্ত ছিল :-

“6. **Sponsor/promoter group** should maintain a minimum post-issue shareholding of thirty percent (30%) of the total paid up capital of the company at least for three years from the date of according consent.”

পরবর্তীতে, গত ৩১ জুলাই, ২০১৮ তারিখে কমিশন কর্তৃক নতুন প্রজ্ঞাপনের মাধ্যমে উপরোক্ত শর্তটি বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে নিম্নোক্তভাবে সংশোধন করা হয় :-

“6. **Sponsors or promoters and directors collectively** shall maintain a minimum post-issue shareholding of thirty percent (30%) of the total paid up capital of the company at least for three years from the date of according consent.”

উক্ত পরিবর্তনের ফলে বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে **Sponsor/promoter group** এর বাইরে পরিচালকদেরকেও জবাবদিহিতার আওতায় নিয়ে আসা হয়েছে। উল্লেখ্য যে, উপরোক্ত শর্তটি শুধুমাত্র তালিকা বহির্ভূত সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের ক্ষেত্রে প্রযোজ্য।


02.08.2018

মো: আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক